

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.২১.০০১.১৮.২১০

তারিখ: ১৪ কার্তিক ১৪২৫
২৯ অক্টোবর ২০১৮

বিষয়: গুণাগুণ ও যথাযথ নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ।

সূত্র: (১) সিইউবি/রেজি:/এক্স/০০২৬/১৮০৯২৭/০১ তারিখ: ২৭/০৯/২০১৮
(২) ৩৭.০০.০০০০.০৮৭.১৯.০০২.১৮-৬৪ তারিখ: ২২/০৭/২০১৮


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২ নং সূত্রোক্ত পত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫(২) ধারা অনুযায়ী প্রতি আর্থিক বছরের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা পূর্বক নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। এ প্রেক্ষিতে তাঁর বিশ্ববিদ্যালয় হতে বিগত ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি. ২০১৭-২০১৮ আর্থিক সনের নিরীক্ষা প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ করা হয়। নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, নিরীক্ষা কার্যক্রম যথাযথ হয়নি। নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য এ বিভাগের বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা কর্তৃক নিম্নরূপ কার্যপরিধি অনুসরণের জন্য বলা হয়েছিল:

- ১) বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;
- ২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- ৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- ৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- ৫) বিশ্ববিদ্যালয়ের আর্থিক লেনদেন জন্য যথাযথ লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- ৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধ করে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কিনা তা নিশ্চিত করা;
- ৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- ৮) ব্যাংকের হিসাব/হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;
- ৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- ১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- ১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- ১২) VAT, IT আর্থিক বিধি মাফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- ১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা;
- ১৪) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫(১) দারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।

০২। নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনায় আরো দেখা যায়, উল্লিখিত কার্যপরিধি অনুসরণ না করে নিরীক্ষা সম্পন্ন ও প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনটি অসম্পূর্ণ এবং অনেক ক্ষেত্রে অস্পষ্ট ও অপ্রাসঙ্গিক। নিরীক্ষার প্রকৃত উদ্দেশ্য এতে বাস্তবায়ন হবেনা বিধায় এটি গ্রহণযোগ্য নয়।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত কার্যপরিধি যথাযথভাবে অনুসরণ পূর্বক নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে আগামী ০১ (এক)

মাসের মধ্যে ২০১৭-২০১৮ আর্থিক সনের নিরীক্ষা প্রতিবেদন পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



২৯-১০-২০১৮

মোঃ রাহেদ হোসেন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

উপাচার্য, কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বনানী,
ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.২১.০০১.১৮.২১০/১

তারিখ: ১৪ কার্তিক ১৪২৫

২৯ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা
- ২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপাচার্য (সকল),
- ৪) সচিব এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ✓ ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৯-১০-২০১৮

মোঃ রাহেদ হোসেন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)